

আনন্দবাজার পত্রিকা অনলাইন

১৬ মার্চ ২০২৪

Anandabazar / Education Career / Jadavpur University is offering Diploma and Advanced Diploma courses in various language, check details d

প্রথম পাতা | দিল্লিবাড়ির লড়াই | কলকাতা | পশ্চিমবঙ্গ | দেশ | বিদেশ | সম্পাদকের পাতা | খেলা | বিনোদন | জীবন + ধারা | ভিডিও

যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ফরাসি, জার্মান-সহ বিভিন্ন ভাষা কোর্সে ভর্তির সুযোগ, রইল বিশদ

আগামী মার্চ মাস থেকে সমস্ত কোর্সের ক্লাস চালু হবে। সপ্তাহে দু'দিন বিকেল ৫টা থেকে রাত ৮টা পর্যন্ত চলবে ক্লাস।



যাদবপুর বিশ্ববিদ্যালয়। সংগৃহীত ছবি।

আনন্দবাজার অনলাইন সংবাদদাতা

📍 কলকাতা 🕒 শেষ আপডেট: ২৪ ফেব্রুয়ারি ২০২৪ ১৫:৫৫


Share:   Save: 

বিভিন্ন ভারতীয় বা বিদেশি ভাষা এবং ভাষাতত্ত্ব (লিঙ্গুইস্টিক্স)-এ যাঁদের আগ্রহ, তাঁদের জন্য নানাবিধ কোর্স নিয়ে হাজির যাদবপুর বিশ্ববিদ্যালয়। সম্প্রতি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে সেই মর্মে একটি বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। প্রতি বছরের মতো চলতি শিক্ষাবর্ষেও সাক্ষ্যকালীন বিভিন্ন স্বল্পমেয়াদি কোর্স করানো হবে বিশ্ববিদ্যালয়ের তরফে। ইতিমধ্যেই কোর্সগুলিতে ভর্তির জন্য অনলাইন আবেদন প্রক্রিয়া শুরু হয়ে গিয়েছে।

Advertisement

ADVERTISEMENT

X




বিশ্ববিদ্যালয়ের ইন্টারডিসিপ্লিনারি স্টাডিজ, ল অ্যান্ড ম্যানেজমেন্ট ফ্যাকাল্টির স্কুল অফ ল্যাঙ্গুয়েজ অ্যান্ড লিঙ্গুইস্টিক্সের তরফে এই কোর্সগুলির আয়োজন করা হচ্ছে। সমস্ত কোর্সই ডিপ্লোমা বা অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্স। যে সমস্ত ভাষার কোর্স করার সুযোগ রয়েছে, সেগুলি হল— বাংলা, হিন্দি, সংস্কৃত, ফরাসি, জার্মান, স্প্যানিশ, কোরিয়ান, জাপানি। পাঠক্রমগুলির মেয়াদ এক বছর।


আরও পড়ুন:



প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ে রাজ্য সরকারি প্রকল্পে গবেষক নিয়োগ, গবেষণার বিষয় কী?




আইএসআই কলকাতায় ডিপ লার্নিং ও ডেটা অ্যানালিটিক্স নিয়ে গবেষণার সুযোগ, শূন্যপদ ক'টি?



উত্তর দিনাজপুর জেলায় কর্মখালি, শূন্যপদ রয়েছে ২২টি, নিয়োগ কোন কোন পদে?

আরও পড়ুন



আইআইটি খড়গপুরে জুনিয়র রিসার্চ ফেলো প্রয়োজন, আবেদনের শেষ দিন কবে?



আনন্দবাজার পত্রিকা অনলাইন

পুণের এফটিআইআই এবং কলকাতার এসআরএফটিআইতে ভর্তির আবেদন প্রক্রিয়া শুরু, পরীক্ষা কবে?

আনন্দবাজার পত্রিকা অনলাইন

আইআইটি খড়্গপুরে ভারতীয় শিক্ষাব্যবস্থা সংক্রান্ত গবেষণার সুযোগ, নিয়োগ কোন কোন পদে?

বিশেষ সার্টিফিকেট কোর্স করাবে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়, রইল বিস্তারিত

আনন্দবাজার পত্রিকা অনলাইন

শিক্ষানবিশ নিয়োগ করবে রাজ্য বিদ্যুৎ বণ্টন সংস্থা, শূন্যপদ ক'টি?

আগামী মার্চ মাস থেকে সমস্ত কোর্সের ক্লাস চালু হবে। সপ্তাহে দু'দিন বিকেল ৫টা থেকে রাত ৮টা পর্যন্ত চলবে ক্লাস। কোর্স শেষে ২০২৫ সালের জানুয়ারি মাসে হবে চূড়ান্ত পরীক্ষা। ডিপ্লোমা এবং অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সগুলির জন্য কোর্স ফি যথাক্রমে ৭,২৮৫ টাকা এবং ৮,০৭২ টাকা।

কোর্সগুলিতে আবেদনের জন্য প্রার্থীদের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। এ ছাড়া, ডিপ্লোমা কোর্সগুলির জন্য সংশ্লিষ্ট ভাষায় সার্টিফিকেট কোর্স এবং অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সগুলির জন্য সংশ্লিষ্ট ভাষায় ডিপ্লোমা কোর্স করা থাকলে, তবেই প্রার্থীদের ভর্তি নেওয়া হবে।

আগ্রহীদের মূল বিজ্ঞপ্তিতে দেওয়া লিঙ্কে গিয়ে সমস্ত নথি-সহ আবেদন জানাতে হবে। আবেদনমূল্য বাবদ জমা দিতে হবে ১০০ টাকা। আবেদন জানানোর শেষ দিন ২৫ ফেব্রুয়ারি। বাছাই প্রার্থীদের নাম ঘোষণা করা হবে আগামী ২৯ ফেব্রুয়ারি বা ১ মার্চ।

(সবচেয়ে আগে সব খবর, ঠিক খবর, প্রতি মুহুর্তে। ফলো করুন আমাদের **Google News, X (Twitter), Facebook, Youtube, Threads** এবং **Instagram** পেজ)

Jadavpur University Diploma Course Language Courses 2024 Admission

সবচেয়ে আগে সব খবর, ঠিক খবর, প্রতি মুহুর্তে। ফলো করুন আমাদের মাধ্যমগুলি:



Advertisement